ঢাবিতে জহুরুল হক হলে বিজয় মাসে প্রতীকী বার্তা ‘নো কম্প্রোমাইজ উইথ রাজাকার’



সংগৃহীত ছবি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের জহুরুল হক হলে মাটিতে ‘No Compromise With Rajakar’ লেখা পাকিস্তানের পতাকা সংবলিত পোস্টার লাগিয়ে শিক্ষার্থীরা মুক্তিযুদ্ধবিরোধী শক্তির বিরুদ্ধে দৃঢ় অবস্থান প্রদর্শন করেছেন। এমনই একটি ভিডিও সমাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে পড়েছে।

পাকিস্তানি শাসনের দমন নির্যাতন ও রাজাকারদের ভূমিকা স্মরণ করিয়ে দিতে এই প্রতীকী প্রতিবাদ করা হয় বলে জানান অংশগ্রহণকারীরা। বিজয় মাসে এমন উদ্যোগ শিক্ষার্থীদের দেশপ্রেম, সচেতনতা ও মুক্তিযুদ্ধের চেতনার প্রতি অঙ্গীকারকে আরও স্পষ্ট করে তুলেছে।

শিক্ষার্থীদের মতে, পোস্টারটির উদ্দেশ্য কারো প্রতি অবমাননা নয়; বরং স্বাধীনতা বিরোধী যেকোনো চিন্তা ও অপপ্রচারের বিরুদ্ধে দৃঢ় বার্তা দেওয়া। তারা বলেন, বিশ্ববিদ্যালয় তরুণদের চিন্তার জায়গা, আর এখান থেকেই রাজাকার-মুক্ত বাংলাদেশ গড়ার শপথ আরও দৃঢ় করতে হবে। জহুরুল হক হলে শিক্ষার্থীদের এই প্রগতিশীল উদ্যোগ বিজয় মাসের উদ্দীপনা ও মুক্তিযুদ্ধের মূল্যবোধকে নতুনভাবে সামনে এনেছে।